অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/27/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোকুল "গেট দেয়ার গ্রিন!" এর সূচনা করলেন আরও স্বচ্ছ, পরিবেশবান্ধব পরিবহনের জন্য প্রচারাভিযান

জলবায়ু সপ্তাহ 2021 প্রচার নিউ ইয়র্কবাসীদের আরও টেকসই পরিবহনের বিকল্পগুলি ব্যবহার করার আহ্বান জানায়

অঙ্গীকার, পোস্টার, সোশ্যাল মিডিয়া অন্তর্ভুক্ত

2030 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনে 40 শতাংশ হ্রাস এবং 2050 সালের মধ্যে 85 শতাংশ হ্রাস করার জন্য নিউইয়র্কের উচ্চাভিলাষী জলবায়ু সংক্রান্ত লক্ষ্যগুলিকে সমর্থন করে

গভর্নর ক্যাথি হোকুল আজ জলবায়ু সপ্তাহ 2021 এ নিউ ইয়র্ক স্টেটের অংশগ্রহণের অংশ হিসেবে "গেট দেয়ার গ্রিন!" প্রচারাভিযানের সূচনা করলেন, যা 20 সেপ্টেম্বর থেকে 26 সেপ্টেম্বর পর্যন্ত চলবে। জলবায়ু সপ্তাহে কমপক্ষে একটি ভ্রমণের জন্য নিউ ইয়র্কবাসীদের একটি টেকসই পরিবহন ব্যবহার করতে উৎসাহিত করে, এই প্রচেষ্টা জলবায়ু পরিবর্তনকারী গ্রিনহাউস গ্যাস নির্গমন হ্রাস করতে সহায়তা করবে। পরিবহনের টেকসই রূপের মধ্যে রয়েছে হাঁটা, সাইকেল চালানো, গণপরিবহন ব্যবহার করা, কারপুলিং, ইলেকট্রিক গাড়ি চালানো, অথবা একটি জীবাশ্ম জ্বালানি চালিত গাড়িতে একা গাড়ি চালানো ছাড়া অন্য যে কোনও পরিবহন ব্যবহার করা। গেট দেয়ার গ্রিন! 1990 এর স্তর থেকে 2030 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনে 40 শতাংশ হ্রাস এবং 2050 সালের মধ্যে 85 শতাংশ হ্রাস করার জন্য নিউইয়র্কের উচ্চাভিলাষী জলবায়ু সংক্রান্ত লক্ষ্যগুলিকে সমর্থন করে।

"নিউইয়র্ক জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনের (Climate Leadership and Community Protection Act) মাধ্যমে জলবায়ু পরিবর্তনের হুমকির মোকাবেলায় দেশে নেতৃত্বমূলক পদক্ষেপ নিচ্ছে। আমাদের স্টেটের উচ্চাভিলাষী লক্ষ্যগুলি অর্জনের জন্য আমাদের পরিবহন খাত থেকে নির্গমন কমিয়ে আনতে হবে," **গভর্নর হোকুল বলেছেন।** "জলবায়ু সপ্তাহ 2021 এর সময় গেট দেয়ার গ্রিন! প্রচারাভিযান চালু করা স্টেট জুড়ে নিউইয়র্কবাসীদের এই বিষয়টি বুঝতে সাহায্য করার একটি দুর্দান্ত উপায় যে তারা এই লক্ষ্যগুলিকে সমর্থন করতে এবং তাদের নিজস্ব কার্বন পদচিহ্ন কমাতে কী করতে পারেন। রাজধানী অঞ্চলে কারপুলিং থেকে শুরু করে, শহরে সাবওয়ে ব্যবহার করা, আপনার সাইকেল চালিয়ে বিংহ্যামটনে যাওয়া পর্যন্ত, প্রত্যেকেরই জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করার জন্য পরিবেশবান্ধব উপায়ে গন্তব্যে পৌঁছানোর বিকল্প রয়েছে।"

স্টেটের যে সংস্থা ও কর্তৃপক্ষগুলি গেট দেয়ার গ্রিন! প্রচারাভিযানে এবং প্রচারের প্রচেষ্টার নেতৃত্ব দিচ্ছেন, তাদের মধ্যে রয়েছে GreenNY কাউন্সিলের কো-চেয়ারম্যান – পরিবেশ সংরক্ষণের স্টেট বিভাগ (State Department of Environmental Conservation), নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority), সাধারণ পরিষেবাসমূহের অফিস (Office of General Services) এবং নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ (New York Power Authority)।

অংশগ্রহণের জন্য, নিউ ইয়র্কবাসীরা ইভেন্টের সময় টেকসই পরিবহনের মাধ্যমে যে ট্রিপ(গুলি) নিতে যাচ্ছেন তার প্রতিশ্রুতি দিতে এখানে ক্লিক করুন, এবং জলবায়ু সপ্তাহ চলাকালীন তাদের প্রতিশ্রুতি পূরণ করুন। #GTG21 হ্যাশট্যাগ ব্যবহার করে সোশ্যাল মিডিয়ায় তাদের অভিজ্ঞতা সম্পর্কে পোস্ট করে বন্ধুদের এবং প্রতিবেশীদের তাদের পরিবেশবান্ধব ভ্রমণের কথা জানানোর জন্যও অংশগ্রহণকারীদের উৎসাহিত করা হয়। নিউ ইয়র্কবাসীরা কীভাবে আরো বেশি টেকসই ধরনের পরিবহন ব্যবহার করতে পারেন সে বিষয়ে আরো তথ্য পেতে পারেন গেট দেয়ার গ্রিন! ওয়েবপেজ এ গিয়ে।

নিউইয়র্ক স্টেট GreenNY কাউন্সিল চালু করেছে যা সংস্থা এবং কর্তৃপক্ষের গ্রিনহাউস গ্যাস নির্গমন হ্রাস করাকে সমর্থন করার জন্য মূল সম্পদ হিসেবে কাজ করে। কো-চেয়ারম্যানরা সম্পদকে কাজে লাগাতে, নির্দেশিকা তৈরি করতে এবং এজেন্সিগুলির পক্ষে জলবায়ু এবং স্থায়িত্ব সংক্রান্ত স্টেটের উচ্চাভিলাষী লক্ষ্যগুলি অর্জন করাকে আরও সহজ করে তোলার জন্য একসাথে কাজ করে। প্রচেষ্টাকে সমর্থন করার জন্য এবং নিউ ইয়র্কবাসীদের গেট দেয়ার গ্রিন! অঙ্গীকার গ্রহণ করতে উৎসাহিত করার জন্য, স্টেটের সংস্থা ও কর্তৃপক্ষগুলি জলবায়ু সপ্তাহ ২০২১-এর পূর্ববর্তী প্রস্তুতির সময়কালে একটি পোস্টার ও সোশ্যাল মিডিয়া সহ জনসাধারণের প্রচার কার্যক্রম পরিচালনা করছে। তাদের স্টেকহোল্ডারদের কাছে ইভেন্টটি প্রচার করতে আগ্রহী অংশীদারদের একটি প্রচারমূলক টুলকিট পেতে *GreenNY* কাউন্সিল এর সাথে যোগাযোগ করতে উৎসাহিত করা হয়।

DEC কমিশনার এবং ক্লাইমেট অ্যাকশন কাউন্সিলের কো-চেয়ার বাসিল সেগোস বলেন, "পরিচ্ছন্ন, পরিবেশবান্ধব পরিবহন পদ্ধতিতে স্টেটের নিরন্তর বিনিয়োগের জন্য ধন্যবাদ, নিউ ইয়র্কবাসীদের কাছে এক জায়গা থেকে আরেক জায়গায় পৌঁছানোর আরও টেকসই উপায় আছে। আমরা জলবায়ু সপ্তাহ 2021 এর জন্য প্রস্তুত হওয়ার সাথে সাথে, যাতায়াত করার নতুন উপভোগ্য উপায়গুলি আবিষ্কার করা এবং আমাদের কার্বন পদচিহ্ন কমিয়ে আনার জন্য এর চেয়ে ভাল সময় আর নেই। 'গেট দেয়ার গ্রিন!' আরও টেকসই পরিবহনের বিকল্পগুলির পাশাপাশি, নিউ ইয়র্কবাসীদের বাইরে বেরোতে উৎসাহিত করার জন্য DEC এর অব্যাহত প্রচেষ্টাগুলির প্রচারের জন্য স্টেটের চলতি প্রচেষ্টাকে শক্তিশালী করে।"

NYSERDA এর প্রেসিডেন্ট ও CEO এবং ক্লাইমেট অ্যাকশন কাউন্সিলের কো-চেয়ার ডোরিন এম হ্যারিস বলেন, "আমরা যখন স্বচ্ছ নবায়নযোগ্য শক্তির দ্বারা আমাদের পৃথিবীকে ক্ষমতায়ন করতে যাচ্ছি, তখন সমস্ত নিউ ইয়র্কবাসী জলবায়ু সপ্তাহ চলাকালীন আরও টেকসই পরিবহনের বিকল্পগুলি বেছে নিয়ে জলবায়ু পরিবর্তনের সাথে লড়াইয়ে ব্যক্তিগতভাবে তাদের ভূমিকা পালন করতে পারেন। আমরা প্রত্যেককে কম বা শূন্য নির্গমনযুক্ত ভ্রমণে পরিবর্তন আনতে এবং এই সপ্তাহে এবং সারা বছর ধরেই "গেট দেয়ার গ্রিন!" অনুসরণ করতে উৎসাহিত করি, সেটা সাইকেল চালিয়ে, গণপরিবহনের মাধ্যমে বা ইলেকট্রিক গাড়ি কেনার মাধ্যমে, যেভাবেই হোক না কেন।"

OGS কমিশনার রোঅ্যান ডেস্টিটো বলেন, "জলবায়ু সপ্তাহের সময় পরিবেশবান্ধব যাতায়াতের অনুশীলনকে উৎসাহিত করে, স্টেটের সংস্থা ও কর্তৃপক্ষগুলি নিউ ইয়র্ক স্টেটের সামগ্রিক স্থায়িত্ব লক্ষ্যে অবদান রাখতে সাহায্য করছে। 'গেট দেয়ার গ্রিন!' প্রচারাভিযানটি গ্রীনহাউস গ্যাস নির্গমন এবং সমস্ত নিউ ইয়র্কবাসীর সারা বছর ধরে সেই নির্গমন কমাতে সাহায্য করার উপায়গুলি সম্পর্কে সচেতনতা বৃদ্ধির একটি দুর্দান্ত উপায়। এখানে OGS এ, আমরা স্টেটের কর্মচারীদের আমাদের স্থানগুলিতে সাইকেল র্যাকের সুবিধা নিতে এবং ডাউনটাউন আলবানি এবং হ্যারিম্যান ক্যাম্পাসে উপলব্ধ কার চার্জিং স্টেশনগুলির সুবিধা নিতে উৎসাহিত করি। "

নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির প্রেসিডেন্ট ও CEO গিল সি কুইনিওনেস বলেন, "নিউইয়র্ক স্টেট বৈদ্যুতিক পরিবহনের কার্যকারিতা বৃদ্ধির জন্য অসাধারণ অঙ্গীকার করেছে। জলবায়ু সপ্তাহ দৈনন্দিন জীবনযাপন, যাতায়াত এবং ভ্রমণের জন্য নির্গমন-মুক্ত বিকল্পগুলি উদযাপন করার একটি দুর্দান্ত সময়। NYPA এর কর্মসূচিগুলি - আমাদের শক্তিশালী EVolve NY ফাস্ট চার্জিং নেটওয়ার্ক এবং ট্রানজিট বাসের বিদ্যুতায়ন সহ - গেট দেয়ার গ্রিনকে (পরিবেশবান্ধব উপায়ে গন্তব্যে পৌঁছানো) আগের চেয়ে সহজ করে তোলে।"

MTA এর ভারপ্রাপ্ত চেয়ার এবং CEO জান্নো লিবার বলেন, "যখন আপনি MTA-তে ভ্রমণ করেন, আপনি গাড়ি চালানোর তুলনায় বায়ুমণ্ডলে গড়ে 10 পাউন্ডেরও বেশি গ্রীনহাউস গ্যাস প্রবেশ প্রতিরোধ করেন এবং আমরা আমাদের বাসের বহরকে বিদ্যুতায়ন করছি এবং সেই সংখ্যাটিকে আরও বৃদ্ধি করতে আমাদের ফুটপ্রিন্ট কমিয়ে আনছি। নিউইয়র্ক স্টেটে ঐতিহ্যগতভাবে প্রতি ব্যক্তির গ্রীনহাউস গ্যাস নির্গমন সবচেয়ে কম ছিল- যার কারণ হল প্রতিদিন লক্ষ লক্ষ মানুষ MTA-তে চড়েন। যে কেউ গণপরিবহন ব্যবহার করে জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে অবদান রাখতে পারে।"

বর্তমানে নিউইয়র্ক স্টেটে 36 শতাংশ গ্রীনহাউস গ্যাসের জন্য পরিবহন দায়ী, যা বিদ্যুৎ উৎপাদন, বর্জ্য, রেফ্রিজারেন্ট এবং কৃষির সম্মিলিত নির্গমনের চেয়ে বেশি। নিউইয়র্কবাসীদের সারা বছর টেকসই পরিবহন পদ্ধতি ব্যবহার করতে উৎসাহিত করার জন্য, স্টেট সাইকেল চালানো/হাঁটার পরিকাঠামো এবং অ্যালবানি থেকে বাফেলো এবং নিউইয়র্ক সিটি থেকে কানাডার সীমান্ত পর্যন্ত এম্পায়ার স্টেট ট্রেল সহ টেকসই পরিবহনে বিনিয়োগ করেছে।

উপরন্তু, ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভের মাধ্যমে, নিউইয়র্ক স্টেট মানুষের হাঁটা বা সাইকেল চালানোকে সহজ করার জন্য ডাউনটাউন এলাকাগুলিকে রূপান্তরিত করতে সহায়তা করে। স্টেট নিউ ইয়র্ক স্টেট পথচারী নিরাপত্তা কর্ম পরিকল্পনার মাধ্যমে পথচারীদের নিরাপত্তায় বিনিয়োগ করেছে, এটি পথচারীদের জন্য রাস্তাকে নিরাপদ করার জন্য 2016 সালে চালু করা পাঁচ বছরের 110 মিলিয়ন ডলারের মাল্টি-এজেন্সি উদ্যোগ। 2021 সালের মধ্যে 10,000 টি বৈদ্যুতিক যানবাহন চার্জিং স্টেশনের চার্জ NY (Charge NY) লক্ষ্য এবং 2025 সালের মধ্যে 850,000 শূন্য-নির্গমন যানবাহনের লক্ষ্য অর্জনের জন্য পরিকল্পিত অন্যান্য উদ্যোগ এবং কর্মসূচিও ইতিমধ্যেই চলছে। NYPA স্টেট জুড়ে প্রধান ট্রাভেল করিডোর এবং শহরাঞ্চলে ইভলভ *NY (EVolve NY)* চার্জিং নেটওয়ার্ক গড়ে তুলছে, যাতে দ্রুত চার্জিংকে আরো সহজলভ্য ও সুবিধাজনক করে তোলা যায় এবং ভ্রমণকারীদের EV চালাতে উৎসাহিত করা যায়। NYSERDA

এর ড্রাইভ ক্লিন রিবেট প্রোগ্রামের অধীনে, এই বছরের জুন পর্যন্ত 25,000 এরও বেশি বৈদ্যুতিক গাড়ি কেনার সাথে 35 মিলিয়ন ডলারেরও বেশি ছাড় দেওয়া হয়েছে।

গ্রীন NY কাউন্সিলের কো-চেয়ার DEC, NYSERDA, NYPA, ও OGS ছাড়াও, অংশগ্রহণকারী সংস্থা এবং কর্তৃপক্ষের মধ্যে রয়েছে বয়স্কদের জন্য স্টেট অফিস, কৃষি ও বাজার বিভাগ, অ্যাডিরোনড্যাক পার্ক এজেন্সি, কাউন্সিল অন দ্য আর্টস, বাফেলো আর্থিক স্থিতিশীলতা কর্তৃপক্ষ, বোর্ড অফ ইলেকশনস, ব্যাটারি পার্ক সিটি অথরিটি, ক্যাপিটাল ডিস্ট্রিক্ট ট্রান্সপোর্টেশন অথরিটি, সেন্ট্রাল নিউ ইয়র্ক রিজিওনাল ট্রান্সপোর্টেশন অথরিটি, সিভিল সার্ভিস ডিপার্টমেন্ট, সেন্ট্রাল পাইন্স ব্যারেন্স জয়েন্ট প্ল্যানিং অ্যান্ড পলিসি কমিশন, সিটি ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক, ডেভেলপমেন্ট অথরিটি অফ দ্য নর্থ কান্ট্রি, ডরমিটরি অথরিটি অফ নিউইয়র্ক, ফৌজদারি বিচার পরিষেবা বিভাগ, আর্থিক সেবা বিভাগ, মানবাধিকার বিভাগ, স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ, মোটরযান বিভাগ, বাজেট বিভাগ, সংশোধন ও সম্প্রদায় তত্ত্বাবধান বিভাগ, স্বাস্থ্য বিভাগ, ডিপার্টমেন্ট অফ স্টেট, পরিবহন বিভাগ, জনসেবা বিভাগ, এরি কাউন্টি আর্থিক স্থিতিশীলতা কর্তৃপক্ষ, এরি কাউন্টি মেডিকেল সেন্টার, এনভায়রনমেন্টাল ফেসিলিটিজ কর্পোরেশন, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট, ফাইন্যান্সিয়াল কন্ট্রোল বোর্ড, গেমিং কমিশন, গভর্নরের কর্মী সম্পর্কের অফিস, হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল, হায়ার এডুকেশন সার্ভিসেস কর্পোরেশন, হাডসন রিভার-ব্ল্যাক রিভার রেগুলেটিং ডিস্ট্রিক্ট, হাডসন রিভার ভ্যালি গ্রিনওয়ে , ইন্সপেক্টর জেনারেলের অফিস, তথ্যপ্রযুক্তি সেবা, বিচার কেন্দ্র, পাবলিক এথিক্সের জয়েন্ট কমিশন, শ্রম বিভাগ, লং আইল্যান্ড পাওয়ার অথরিটি, সামরিক ও নৌসেনা বিষয়ক বিভাগ, মহানগর পরিবহন কর্তৃপক্ষ, নায়াগ্রা সীমান্ত পরিবহন কর্তৃপক্ষ, নাসাউ কাউন্টি অন্তর্বর্তী আর্থিক কর্তৃপক্ষ, জ্যাকব কে. জ্যাভিট্স সেন্টার - নিউ ইয়র্ক কনভেনশন সেন্টার অপারেটিং কর্পোরেশন, NYS ব্রিজ অথরিটি, NYS ইন্স্যুরেন্স ফান্ড, অ্যালকোহলিজম অ্যান্ড সাবস্ট্যান্স অ্যাবিউজ অফিস, শিশু ও পারিবারিক সেবা অফিস, ওগডেনসবার্গ ব্রিজ অ্যান্ড পোর্ট অথরিটি, মানসিক স্বাস্থ্য অফিস, পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণের অফিস, বিকাশমূলক প্রতিবন্ধীদের জন্য অফিস, অলিম্পিক আঞ্চলিক উন্নয়ন কর্তৃপক্ষ, অস্থায়ী ও প্রতিবন্ধী সহায়তার অফিস, পাব্লিক এমপ্লয়মেন্ট রিলেশন্স বোর্ড, ওসোয়েগো বন্দর কর্তৃপক্ষ, নিউইয়র্ক স্টেটের রুজভেল্ট আইল্যান্ড অপারেটিং কর্পোরেশন, আঞ্চলিক পরিবহন পরিষেবা, বৃহত্তর রচেস্টার অঞ্চলের জন্য আঞ্চলিক পরিবহন ব্যবস্থা, স্টেট লিকার অথরিটি, স্টেট ইউনিভার্সিটি অফ নিউইয়র্ক, ট্যাক্স অ্যান্ড ফাইন্যান্স বিভাগ, থ্রুওয়ে অথরিটি, NYS পুলিশ, ইউনাইটেড নেশনস ডেভেলপমেন্ট কর্পোরেশন, ভেটেরান্স অ্যাফেয়ার্স বিভাগ, শ্রমিক ক্ষতিপূরণ বোর্ড এবং ওয়েস্টচেস্টার কাউন্টি হেলথ কর্পোরেশন।

নিউইয়র্ক স্টেটের দেশের-নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা হচ্ছে দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু এবং পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা একটি সুষ্ঠু এবং ন্যায়সঙ্গত শক্তির রূপান্তরকে আহ্বান করে যা কর্মসংস্থান সৃষ্টি করে এবং নিউইয়র্ক স্টেট কোভিড-19 (COVID-19) অতিমারী থেকে পুনরুদ্ধারের সাথে সাথে সবুজ অর্থনীতির প্রসার ঘটাযনো অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং কমিউনিটি সুরক্ষা আইনের মাধ্যমে আইনে অন্তর্ভুক্ত, 2040 সালের মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎ খাতের লক্ষ্যমাত্রা অর্জনের পথে নিউ ইয়র্ক এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতিতে ব্যাপক কার্বন নিরপেক্ষতায় পৌঁছানো। স্টেট জুড়ে 91 টি বিশাল মাত্রার নবায়নযোগ্য প্রকল্পে 21 বিলিয়নের ডলারে বেশি, বিল্ডিং থেকে নিঃসরণ হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন ডলারে, সৌরশক্তির মাত্রা বৃদ্ধি করার জন্য 1.8

বিলিয়ন ডলারে, স্বচ্ছ পরিবহন উদ্যোগগুলির জন্য 1 বিলিয়নের ডলারে বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে $1.2 বিলিয়নের বেশি সহ, এটি স্বচ্ছ শক্তির মাত্রা বৃদ্ধি করার জন্য নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগের ওপরে নির্মাণ করে। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2019 সালে নিউইয়র্কের পরিচ্ছন্ন শক্তি খাতে 150,000 এরও বেশি চাকরি, 2011 থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ বৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বাতাস বিকাশের প্রতিশ্রুতিকে সমর্থন করছে। নিউইয়র্ক এই অগ্রগতির উপর ভিত্তি করে গড়ে তুলবে এবং গ্রীনহাউস গ্যাস নিঃসরণকে 1990 সালের মাত্রা থেকে 2050 সালের মধ্যে 85 শতাংশ কমিয়ে দেবে, একই সাথে 40 শতাংশ পরিচ্ছন্ন শক্তিতে বিনিয়োগের সুবিধাগুলির মধ্যে কমপক্ষে 35 শতাংশ সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর দিকে পরিচালিত করার লক্ষ্য নিশ্চিত করবে, এবং অন-সাইট শক্তি খরচকে অন্তিম-ব্যবহার শক্তি সাশ্রয়ের 185 ট্রিলিয়ন BTU হ্রাস করার দ্বারা শক্তির দক্ষতা সংক্রান্ত স্টেটের 2025 এর লক্ষ্যের দিকে অগ্রগতিকে আরও এগিয়ে নিয়ে যাবে।

নিউ ইয়র্কবাসীরা DEC এর ওয়েবসাইট থেকে জলবায়ু পরিবর্তনের প্রভাবগুলি সম্পর্কে এবং তাদের নিঃসরণ কমাতে সাহায্য করার অন্যান্য উপায় সম্পর্কে আরও জানতে পারেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন